

ক্যাম্পাস

জাতীয় বিতর্কে চ্যাম্পিয়ন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শহীদ ওসমান হাদি দল

প্রতিবেদক: জবি প্রতিনিধি

প্রকাশের তারিখ: সোমবার, ০৫ অক্টোবর ২০২৬, ০৯:৩২ AM



ওল্ড ঢাকা ডিবেটিং সোসাইটির (ওডিডিএস) আয়োজনে অনুষ্ঠিত ‘মুনজারা-এ সলিমুল্লাহ’ বিতর্ক প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হয়েছে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ‘শহীদ ওসমান হাদি’ দল। গত ৩ অক্টোবর অনুষ্ঠিত এ প্রতিযোগিতায় দেশের বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের আটটি বিতর্ক দল অংশ নেয়।

প্রতিযোগিতায় অংশ নেওয়া দলগুলোর মধ্যে ছিল কবি নজরুল কলেজ ডিবেটিং ক্লাব, সোহরাওয়ার্দী কলেজ ডিবেটিং ক্লাব, ডিবেট ফোরাম রংপুর ও ঢাকা কলেজ ডিবেটিং সোসাইটি। এ ছাড়া বিভিন্ন বিতর্ক সংগঠনের দলও এতে অংশ নেয়।

চূড়ান্ত পর্বে যুক্তিনির্ভর উপস্থাপনা ও দক্ষতার মাধ্যমে চ্যাম্পিয়ন হয় জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ‘শহীদ ওসমান হাদি’ দল। রানারআপ হয়েছে ডিবেট ফোরাম রংপুর।

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের চ্যাম্পিয়ন দলের হয়ে বিতর্কে অংশ নেন সিফাত ফয়সল, আহমেদ তাহমিদ শাফি ও তুষার গুপ্ত।

দলনেতা সিফাত ফয়সল বলেন, [মুনজারা-এ সলিমুল্লাহ] বিতর্ক প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হতে পেরে তাঁরা আনন্দিত ও গর্বিত। এ অর্জন শুধু তিনজনের নয়, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের বিতর্কজ্ঞানের সঙ্গে যুক্ত সবার।

সিফাত ফয়সল বলেন, পুরো প্রতিযোগিতায় দলের সমন্বয়, পারস্পরিক আস্থা ও যুক্তির প্রতি দৃঢ়তা ছিল তাঁদের সবচেয়ে বড় শক্তি। প্রতিটি পর্বে তাঁরা নিজেদের সর্বোচ্চটা দেওয়ার চেষ্টা করেছেন।

চ্যাম্পিয়ন হওয়ার পাশাপাশি বিভিন্ন প্রতিষ্ঠানের দক্ষ বিতর্কিকদের সঙ্গে বিতর্ক করার অভিজ্ঞতাও তাঁদের জন্য মূল্যবান বলে জানান তিনি।

আয়োজনের জন্য ওল্ড ঢাকা ডিবেটিং সোসাইটিকে ধন্যবাদ জানান সিফাত ফয়সল। একই সঙ্গে দলের সদস্য তাহমিদ শাফি ও তুষার শুভ্র, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের বিতর্কচর্চার সঙ্গে যুক্ত শুভাকাঙ্ক্ষী এবং পাশে থাকা সবার প্রতি কৃতজ্ঞতা জানান তিনি।

ভবিষ্যতে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের বিতর্কচর্চাকে আরও এগিয়ে নিতে কাজ করার প্রত্যয়ও জানান দলনেতা।

ওল্ড ঢাকা ডিবেটিং সোসাইটির সভাপতি শাহরিয়ার তানভীর বলেন, [মুনজারা-এ সলিমুল্লাহ] আয়োজনটি সফলভাবে শেষ করতে পেরে তাঁরা আনন্দিত। দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও শিক্ষাপ্রতিষ্ঠানের বিতর্কিকদের একত্র করে সুন্দর ও প্রতিযোগিতামূলক পরিবেশ তৈরি করাই তাঁদের মূল লক্ষ্য ছিল।

প্রতিযোগিতায় অংশ নেওয়া প্রতিটি দল যুক্তি, বিশ্লেষণ ও উপস্থাপনার মাধ্যমে দক্ষতার পরিচয় দিয়েছে বলে জানান শাহরিয়ার তানভীর।

তিনি জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের [শহীদ ওসমান হাদি] দলকে চ্যাম্পিয়ন হওয়ায় অভিনন্দন জানান। একই সঙ্গে রানারআপ ডিবেট ফোরাম রংপুরসহ সব অংশগ্রহণকারী দল ও বিতর্কিককে ধন্যবাদ জানান।

ভবিষ্যতে বিতর্কচর্চাকে আরও বিস্তৃত করতে এবং তরুণ বিতর্কিকদের জন্য এ ধরনের আয়োজন অব্যাহত রাখার কথা জানান ওল্ড ঢাকা ডিবেটিং সোসাইটির সভাপতি।

এ বিভাগের আরও খবর



রাবিতে সাংবাদিকদের ওপর হামলায় জবি প্রেসক্লাবের নিন্দা
রাজশাহী বিশ্ববিদ্যালয়ে (রাবি) পেশাগত দায়িত্ব পালনকালে সাংবাদিকদের ওপর হামলার ঘটনায় তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছে জগন্নাথ বিশ্ববিদ্যালয় প্...



ফ্যাসিস্ট আমলের কারাবাসের স্মৃতিচারণ করে জবি ছাত্রদল নেতা ক্রমির আবেগঘন বার্তা
২০১৪ সালের ৩ অক্টোবর গ্রেপ্তার হয়ে নাজিমুদ্দিন রোডের পুরোনো কারাগারে যাওয়ার স্মৃতি সুরণ করেছেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (জবি) ছাত্রদলের ২ নেতা...



শিক্ষকদের পেনশন লুটে জড়িতদের বিচারের দাবি ইশারাকের
শিক্ষকদের পেনশনের অর্থ আত্মসাতের সঙ্গে জড়িত ব্যক্তিদের চিহ্নিত করে আইনের আওতায় আনার দাবি জানিয়েছেন মুক্তিযুদ্ধবিষয়ক প্রতিমন্ত্রী ও ঢাকা-৬ আস...



আবু সাঈদ হত্যা: বেরোবির তিন শিক্ষকসহ ১১ জনকে স্থায়ী বহিস্কার
২০২৪ সালের জুলাই আন্দোলনের সময় বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের (বেরোবি) শিক্ষার্থী আবু সাঈদ নিহত হওয়ার ঘটনায় বিশ্ববিদ্যালয়ের তিন শিক্ষকসহ ১১ জনক...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/campus/jatiy-bitrke-chjampiyn-jgnnath-bishbbidjalyer-shhid-osman-hadi-dl>